

# শিক্ষার্থীদের জন্য সহায়ক প্রযুক্তি

কোনো সহায়ক প্রযুক্তি (AT) **ডিভাইস** বলতে যেমন আছে তেমন অবস্থায় (Off the Shelf) ক্রয় করা, পরিবর্তিত বা কাস্টোমাইজ যেভাবেই হোক না কেন, এমন কোনো আইটেম, সরঞ্জামের টুকরো, বা সফটওয়্যারকে বোঝায় যা কোনো প্রতিবন্ধী শিক্ষার্থীর কার্যকরী ক্ষমতা বৃদ্ধি, রক্ষণাবেক্ষণ বা উন্নত করতে ব্যবহৃত হয়।

AT অফ-দ্য-শেল্ফ বলতে এমন যেকোনো পরিষেবা বোঝায় যা কোনো প্রতিবন্ধী শিক্ষার্থীকে একটি সহায়ক প্রযুক্তি ডিভাইস নির্বাচন, ক্রয় বা ব্যবহারে প্রত্যক্ষভাবে সাহায্য করে। AT পরিষেবার মধ্যে রয়েছে চাহিদার মূল্যায়ন, অন্যান্য থেরাপি ও পরিষেবার সাথে সমন্বয়, AT ডিভাইস নির্বাচন ও ক্রয়, এবং শিক্ষার্থী এবং/অথবা উপযুক্ত হলে সেই শিক্ষার্থীর পরিবারের জন্য প্রশিক্ষণ।

AT-এর কথা বিবেচনা করার সময় নিম্নলিখিত বিষয়গুলো পরীক্ষা করুন:

- **শিক্ষার্থী:** শক্তি, ক্ষমতা, পছন্দ, শেখার ধরন, অনুপ্রেরণা ও চ্যালেঞ্জগুলো পরীক্ষা করুন। কোন বিষয়টি তাকে পাঠ্যক্রমে স্বাধীনভাবে অংশগ্রহণে বাধা দিচ্ছে? এই শিক্ষার্থীর জন্য কোনটি “কার্যকর”?
- **পরিবেশ:** চাহিদা কোথায় বিদ্যমান? শ্রেণিকক্ষ, ক্যাফেটেরিয়া, বাড়ি, বিনোদন ও কর্মসংস্থান বিবেচনা করুন।
- **টাস্ক:** এই শিশুর লক্ষ্যগুলো কী কী? কাজটি কি তার সমবয়সীদের মতো দক্ষতার সাথে সম্পন্ন করা যায়?
- **প্রযুক্তি:** টাস্কটি সম্পন্ন করার জন্য কোন আইটেমটি প্রয়োজন হবে? প্রযুক্তি লেখালেখি, যোগাযোগ, পড়া, অধ্যয়ন, গণিত, বিনোদন ও অবকাশ, দৈনন্দিন জীবনযাত্রার ক্রিয়াকলাপ, দৃষ্টি, শ্রবণ, কাজ, জায়গা ঠিক করে বসার চাহিদার সমাধান করতে পারে।
- **কৌশলসমূহ:** শিক্ষার্থীর জন্য প্রতিদিন-জীবনে প্রযুক্তি কোথায় ও কীভাবে অন্তর্ভুক্ত হবে তা নির্ধারণ করুন। শিশুর সফলতার জন্য কী প্রশিক্ষণ প্রয়োজন তা নির্ধারণ করুন। এর মধ্যে কি বাবা-মা, শিক্ষক, শ্রেণীকক্ষের সহায়তাকারী বা অন্যান্য পেশাদাররা অন্তর্ভুক্ত?

**টাস্ক কীভাবে শনাক্ত করবেন**

- শিশুর প্রতিবন্ধীত্ব সম্পর্কে তথ্য সংগ্রহ করুন।
- প্রতিবন্ধীত্ব নেই এমন সমবয়সীদের সাথে শিশুটি কী করতে পারে বা কী করতে পারে না তা চিহ্নিত করুন।
- শিশুটি শিক্ষার যে মান এবং লক্ষ্যের দিকে কাজ করছে তা বিবেচনা করুন।
- বাস্তবসম্মত প্রত্যাশা রাখুন।

**সহায়ক প্রযুক্তি ব্যক্তিগতকৃত শিক্ষায় পাওয়া যায়।**

- কর্মক্ষমতা বর্তমান স্তর
- লক্ষ্য ও উদ্দেশ্য
- বিশেষ শিক্ষা এবং তার সাথে সম্পর্কিত পরিষেবা
- সম্পূর্ণ সহায়তা ও পরিষেবা

রেফারেন্স ও তথ্য প্রদানকারী:

-[www.p12.nysed.gov](http://www.p12.nysed.gov)

-[www.ncddr.org](http://www.ncddr.org)

আরো তথ্যের জন্য [parentnetworkwny.org](http://parentnetworkwny.org)-এ যান।

**আপনি কি জানেন?**

- লক্ষ লক্ষ আমেরিকান প্রতিবন্ধী বিশেষ সরঞ্জাম, সাহায্য বা সহায়ক প্রযুক্তি ব্যবহার করে।
- লক্ষ লক্ষ প্রতিবন্ধী আমেরিকানদের দৈনন্দিন জীবনযাত্রার মৌলিক ক্রিয়াকলাপ যেমন গোফল বা শাওয়ার, পোশাক পরা, খাওয়া, বিছানায় বা চেয়ারে ওঠা এবং নামা, হাঁটা, বাইরে যাওয়া এবং টয়লেট ব্যবহার (টয়লেটে যাওয়াসহ) করার জন্য বিশেষ সরঞ্জাম বা সহায়তা (AT) প্রয়োজন হয়।
- সহায়ক প্রযুক্তি লো টেক (পেন্সিল গ্রিপ) এবং হাই টেক (আইপ্যাড বা কম্পিউটার অ্যাপ্লিকেশন) হতে পারে।
- প্রযুক্তির দায়িত্ব একটি দলীয় প্রচেষ্টা। ভবিষ্যৎ বিবেচনা করুন এবং লক্ষ্যগুলো কার্যকর রাখুন।



[www.parentnetworkwny.org](http://www.parentnetworkwny.org)  
[info@parentnetworkwny.org](mailto:info@parentnetworkwny.org)  
 716.332.4170



এই নথির কনটেন্ট ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশন #H325160003 থেকে প্রাপ্ত অনুদানে তৈরি করা হয়েছে। তবে, এই কনটেন্ট ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশনের নীতির প্রতিনিধিত্ব করে এমন নয় এবং এটির জন্য ফেডারেল সরকারের অনুমোদন রয়েছে তা আপনার ধরে নেওয়া উচিত হবে না। প্রোজেক্ট অফিসার কার্মেন সানচেজ।